দৈনিক বাংলা

তারিখ 27 SEP 1995
পৃষ্ঠা ১ কলাম ১

## ভাইস-চ্যান্সেলরদের সাক্ষাৎ

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস পুরোপুরি নির্মূল করতে হবেঃ প্রধানমন্ত্রী

ভাইস চ্যান্সেলরদের স্থায়ী কমিটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের সদস্যবৃন্দ মঙ্গলবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার অফিসে সাক্ষাৎ করেন। তারা এ সময় দেশের বিশ্ববিদ্যালয়সমূহ, ছাত্র-ছাত্রী-শিক্ষক এবং ভাইস চ্যান্সেলরদের সমস্যাগুলো আলোচনা করেন। খবর বাসস'র।

ভাইস চ্যান্সেলরবৃন্দ পেনশন তহবিল, লাইব্রেরী ও ল্যাবরেটরীগুলোর উন্নয়ন, ছাত্রবৃত্তি, কম্পিউটার ও টেলিফোন ব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণ সম্পর্কিত সমস্যাসমূহ তুলে ধরেন।

ভাইস চ্যান্সেলরগণ ঢাকা, জাহাঙ্গীরনগর, খুলনা এবং ইসলামী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেসন জট সমস্যার উল্লেখ্যযোগ্য অগ্রগতি হয়েছে বলে প্রধানমন্ত্রীকে জানান। তারা বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে সন্ত্রাসী তৎপরতা বন্ধ হওয়ার পর কয়েকটি ছাড়া বাকি সবগুলোতে শিক্ষার পরিবেশের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস সম্পূর্ণ নির্মূল করতে হবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়নে সহায়তা করার জন্য অনেকেই রয়েছেন। কিন্তু লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য অবশ্যই শিক্ষার পরিবেশ বজায় রাখতে হবে।

সাক্ষাৎকারী ভাইস চ্যান্সেলরগণ হচ্ছেন— অধ্যাপক শাহ মোহাম্মদ ফারুক, অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরী, অধ্যাপক গোলাম আলী ফকির, অধ্যাপক

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল করতে হবে ঃ প্রধানমন্ত্রী

(প্রথম পৃষ্ঠার পর)

মোহাম্মদ ইউসুফ আলী, অধ্যাপক এনামুল হক, অধ্যাপক দীপক কান্তি দাস (বুয়েটের ভারপ্রাপ্ত ভিসি), অধ্যাপক সহিদউদ্দীন আহমেদ (ঢাকা বিশ্ববিদ্যারয়ের ভারপ্রাপ্ত ভিসি) রফিকুল ইসলাম চৌধুরী এবং অধ্যাপক মহিউদ্দিন আহমেদ। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, প্রধানমন্ত্রীর সচিব আবদুল্লাহ হারুন পাশা এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ইয়াজউদ্দিন আহমেদ এ সময় উপস্থিত ছিলেন।